# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৪০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - মাইয়্যিতের গোসল ও কাফন

## আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّهُ لَمَّا حَضَرَهُ الْمَوْتُ. دَعَا بِثِيَابٍ جُدُدٍ فَلَبِسَهَا ثُمَّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُولُ: «الْمَيِّتُ يُبْعَثُ فِي ثِيَابِهِ الَّتِي يَمُوتُ فِيهَا» . رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

১৬৪০-[৭] আবূ সা’ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন তার মৃত্যুর সময় ঘনিয়ে এলো তখন তিনি নতুন কাপড় আনালেন এবং তা পরিধান করলেন। তারপর বললেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, মুর্দাকে (হাশ্‌রের (হাশরের) দিন) সে কাপড়েই উঠানো হবে, যে কাপড়ে সে মৃত্যুবরণ করে। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩১১৪, মুসতাদরাক লিল হাকিম ১২৬০, সহীহ আত্ তারগীব ৩৫৭৫, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৬০৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস অন্য হাদীসের সাথে দ্বন্দ দেখা যায় (يُحْشَرُ النَّاسُ حُفَاةً عُرَاةً) মানুষ হাশরে উঠবে খালি পায়ে এবং উলঙ্গ অবস্থায়। অনেকে জবাব দিয়েছেন পুনঃ উঠার বিষয়টি হাশর ব্যতিরেকে (بَعْثٌ) যা উঠার বিষয়টি মৃত্যুকে কবর হতে বের করা আর হাশর হল ক্বিয়ামাতের (কিয়ামতের) আঙ্গিনায় একত্রিত করা।

ফলে পুনরুত্থান হবে কাপড় পরিধান অবস্থায় আর হাশর হবে উলঙ্গ অবস্থায় তবে মুহাক্কিক মুহাদ্দিসরা বলেছেন, কাপড় শব্দটি রূপক অর্থে ব্যবহৃত হয়েছে যার অর্থ ‘আমল যেমন আল্লাহ তা‘আলার বাণী وَثِيَابَكَ فَطَهِّرْ “তোমার ‘আমলকে পরিশুদ্ধ কর”- (সূরাহ্ আল মুদ্দাস্‌সির ৭৪ : ৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56200

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন